বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

নিয়োগ বিজ্ঞপ্তি

বাউবি/প্রশা/নি-৮(৬৯)/০২/পার্ট-১/৫০৯৩ তারিখ : ১৮-১২-২০১৭

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে নিম্নেবর্ণিত শিক্ষকের শূন্য পদসমূহে বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ পদের বিপরীতে উল্লেখিত বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল, ২০১৫) নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্রম	স্কুলের নাম	পদের নাম ও বিষয়	পদ সংখ্যা
১.	স্কুল অব এডুকেশন	সহযোগী অধ্যাপক (মনোবিজ্ঞান)	০১টি
২.	ওপেন স্কুল	সহযোগী অধ্যাপক (ব্যবস্থাপনা/পরিসংখ্যান/অর্থনীতি)	০১টি
		সহকারী অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান/হিসাববিজ্ঞান/মার্কেটিং)	০১টি
		অধ্যাপক পদের বিপরীতে প্রভাষক (সমাজকর্ম/রসায়ন/ইংরেজি)	০১টি
বেতন স্কেল: সহযোগী অধ্যাপক-গ্রেড-৪ (৫০০০০-৭১২০০), সহকারী অধ্যাপক-গ্রেড-৬ (৩৫,৫০০-৬৭,০১০), প্রভাষক গ্রেড-৯ম (২২০০০-৫৫৪৭০)			

উপরে বর্ণিত পদসমূহে নিয়োগের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও গবেষণা প্রকাশনার শর্তাবলী এবং আবেদন করার নিয়মাবলীসহ আবেদনপত্রের ফরম সরাসরি অথবা **www.bou.edu.bd** ওয়েবসাইট থেকে অথবা ১০/- (দশ) টাকা মূল্যের ডাক টিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত ৪.৫"×১০" খাম প্রেরণপূর্বক রেজিস্ট্রার-এর দপ্তর হতে সংগ্রহ করা যাবে। আবেদনকারীকে জনতা ব্যাংকের যে কোন শাখা হতে **জনতা ব্যাংক, বাউবি ক্যাম্পাস শাখা, গাজীপুর** বরাবর **'বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়'**-এর অনুকূলে ইস্যুকৃত ১০০০/- (এক হাজার) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। **পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য হবে না।**

মোট ০২ (দুই) সেট আবেদনপত্র জমা দিতে হবে।

আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোন কিছুই ফেরত দেয়া হবে না। এই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীর পরীক্ষা গ্রহণ করতে/তাঁকে প্রার্থিত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

রেজিস্ট্রার বরাবর আবেদনপত্র ডাকযোগে **পৌঁছানোর শেষ তারিখ ঃ ১৫-০১-২০১৮।** অসম্পূর্ণ এবং উক্ত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের Forwarding letter সহ নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র প্রেরণ করতে হবে। **খামের উপর প্রার্থিত পদের নাম উল্লেখ করতে হবে।**

১৮/১২/১৭
রেজিস্ট্রার
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৫

ADMN-45
Head Office: Gazipur-1705, Bangladesh, Phone: PABX 88 02 9291101-4, Fax: 88 02 9291122, E-mail: info@bou.edu.bd
City Office: Dhaka Regional Resource Centre, Holding no. 4/Ka College Area, Govt. Lab. High School Road, Dhanmondi, Dhaka-1205, Bangladesh
Phone: 88 02 8615221, 8612676, Fax: 88 02 8615750, Website: www.bou.edu.bd

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক নিয়োগের জন্য প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও প্রকাশনার শর্তাবলি

১. প্রভাষক

প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা

ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় উভয়টিতে জিপিএ ৪.০ (৫-এর স্কেলে) অথবা ১ম বিভাগ অথবা ও-লেভেল এবং এ-লেভেলে ন্যূনতম ৩.৫ (৪-এর স্কেলে)।

খ) স্নাতক (৪ বছর মেয়াদী) ও স্নাতকোত্তর ডিগ্রীর যে কোনো একটিতে ন্যূনপক্ষে সিজিপিএ ৩.৫ (৪-এর স্কেলে) বা ৪.০ (৫-এর স্কেলে) অথবা লেটার-গ্রেডিং পদ্ধতি প্রবর্তনের পূর্বে উত্তীর্ণ ডিগ্রীধারীদের ক্ষেত্রে যে-কোনো একটিতে প্রথম শ্রেণি। তবে কোনো পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমতূল্য জিপিএ বা সিজিপিএ (৪-এর স্কেলে ২.৫ এর নিচে) থাকতে পারবে না।

গ) উচ্চতর ডিগ্রী অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

প্রয়োজনীয় অভিজ্ঞতা ও প্রকাশনা

বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষকতার অভিজ্ঞতা ও স্বীকৃত জার্নালে প্রবন্ধ/পুস্তকাকারে মানসম্মত প্রকাশনা থাকলে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

২. সহকারী অধ্যাপক

প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা

ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় উভয়টিতে জিপিএ ৪.০ (৫-এর স্কেলে) অথবা ১ম বিভাগ অথবা ও-লেভেল এবং এ-লেভেলে ন্যূনতম ৩.৫ (৪-এর স্কেলে)।

খ) স্নাতক (৪ বছর মেয়াদী) ও স্নাতকোত্তর ডিগ্রীর যে কোনো একটিতে ন্যূনপক্ষে সিজিপিএ ৩.৫ (৪-এর স্কেলে) বা ৪.০ (৫-এর স্কেলে) অথবা লেটার-গ্রেডিং পদ্ধতি প্রবর্তনের পূর্বে উত্তীর্ণ ডিগ্রীধারীদের ক্ষেত্রে যে-কোনো একটিতে প্রথম শ্রেণি। তবে কোনো পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমতূল্য জিপিএ বা সিজিপিএ (৪-এর স্কেলে ২.৫ এর নিচে) থাকতে পারবে না।

গ) উচ্চতর ডিগ্রী অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

প্রয়োজনীয় অভিজ্ঞতা ও প্রকাশনা

(ক) বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসেবে কমপক্ষে ০৩ (তিন) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা অথবা স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষক হিসেবে প্রভাষক পদের সমমর্যাদার বেতনস্কেল ও পদবী অনুযায়ী কর্মকর্তা পর্যায়ের পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে। পিএইচডি ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে নূন্যতম ০২ (দুই) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা/স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে ০৪ (চার) বছরের গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে; তবে নির্বাচনী বোর্ডের বিবেচনায় থিসিস যথাযথ মানসম্পন্ন হতে হবে।

(খ) প্রভাষক পদে কর্মরত থাকাকালীন স্বীকৃত প্রফেশনাল জার্নালে (পিয়ার রিভিউড) কমপক্ষে ০২ (দুই)টি ও গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত থাকাকালীন কমপক্ষে ০৪ (চার)টি প্রকাশনা থাকতে হবে। প্রকাশনাসমূহের মধ্যে কমপক্ষে একটি এককভাবে (single author) নিজ নামে প্রকাশিত হতে হবে এবং অন্যগুলো অন্ততঃ একটিতে প্রথম লেখক (first author) হিসেবে থাকতে হবে।

৩. সহযোগী অধ্যাপক

প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা

ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় উভয়টিতে জিপিএ ৪.০ (৫-এর স্কেলে) অথবা ১ম বিভাগ অথবা ও-লেভেল এবং এ-লেভেলে ন্যূনতম ৩.৫ (৪-এর স্কেলে)।

খ) স্নাতক (৪ বছর মেয়াদী) ও স্নাতকোত্তর ডিগ্রীর যে কোন একটিতে ন্যূনপক্ষে সিজিপিএ ৩.৫ (৪-এর স্কেলে) বা ৪.০ (৫-এর স্কেলে) অথবা লেটা-গ্রেডিং পদ্ধতি প্রবর্তনের পূর্বে উত্তীর্ণ ডিগ্রীধারীদের ক্ষেত্রে যে-কোন একটিতে

প্রথম শ্রেণি। তবে কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমতুল্য জিপিএ বা সিজিপিএ (৪-এর স্কেলে ২.৫ এর নিচে) থাকতে পারবে না।

গ) উচ্চতর ডিগ্রী অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

প্রয়োজনীয় অভিজ্ঞতা ও প্রকাশনা

(ক) বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসেবে কমপক্ষে ০৪ (চার) বছরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ মোট ০৮ (আট) বছরের অভিজ্ঞতা অথবা স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষক হিসেবে সহকারী অধ্যাপক পদের সমমর্যাদার বেতনস্কেল ও পদবী অনুযায়ী কর্মকর্তা পর্যায়ের পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের সক্রিয় চাকরিকাল ও গবেষণার অভিজ্ঞতাসহ মোট ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। পিএইচডি ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসেবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে নূন্যতম তিন বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতাসহ মোট ছয় বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে; তবে নির্বাচনী বোর্ডের বিবেচনায় থিসিস যথাযথ মানসম্পন্ন হতে হবে।

(খ) সহকারী অধ্যাপক পদে কর্মরত থাকাকালীন স্বীকৃত প্রফেশনাল জার্নালে (পিয়ার রিভিউড) কমপক্ষে তিনটি প্রকাশনাসহ মোট পাঁচটি অথবা গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত থাকাকালীন কমপক্ষে ৫টি প্রকাশনাসহ মোট নয়টি প্রকাশনা থাকতে হবে। প্রকাশনাসমূহের মধ্যে কমপক্ষে দুইটি এককভাবে নিজ নামে প্রকাশিত হতে হবে এবং অন্যগুলো অন্তত: দুইটিতে প্রথম লেখক হিসেবে থাকতে হবে।

বিশেষ দ্রষ্টব্য :

১. প্রত্যেক পদের ক্ষেত্রে যথোপযুক্ত কম্পিউটার লিটারেসি আবশ্যক (বিশেষত: এম এস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ও ইন্টারনেট ব্যবহারে সাবলীল হতে হবে)।

২. এল এম এস/ই-প্ল্যাটফর্ম/ইন্টারএকটিভ ভারচুয়াল ক্লাসরুম পরিচালনায় অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।

৩. সক্রিয় চাকরিকাল বলতে শ্রেণিকক্ষে পাঠদানসহ প্রচলিত সকল প্রকার শিক্ষা কার্যক্রমে অংশগ্রহণ ও স্ববেতনে শিক্ষাছুটিকে বুঝাবে। বেসরকারি বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানে সবেতনে চাকরিকাল সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের চাকরির অর্ধেক ধরা হবে।

৪. যে সকল জার্নালে গবেষণা-কর্ম প্রকাশের আগে এক বা একাধিক রিভিউয়ারকে দিয়ে ঐ গবেষণা প্রবন্ধ প্রকাশের উপযোগী কিনা তা মূল্যায়ন করা হয় তা পিয়ার রিভিউড জার্নাল হিসেবে বিবেচিত হবে। কোনো সেমিনার/কনফারেন্স/সিম্পোজিয়ামে প্রকাশিত প্রবন্ধ পিয়ার রিভিউড জার্নাল হিসেবে বিবেচিত হবে না। তবে রিভিউড বুক চ্যাপ্টার রিভিউড জার্নালের সুবিধা পেতে পারে। অনলাইন জার্নালে প্রকাশিত প্রবন্ধ বিবেচনা করা যাবে যদি জার্নালটি কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা আন্তর্জাতিক মানের প্রকাশনা প্রতিষ্ঠান কর্তৃক পিয়ার রিভিউড জার্নাল হিসেবে অনলাইনের পাশাপাশি হার্ডকপি আকারেও প্রকাশিত হয়। এককনামে প্রকাশিত মানসম্পন্ন একটি পাঠ্যপুস্তক বা গবেষণা-পুস্তক তিনটি জার্নাল প্রবন্ধের সমতুল্য বিবেচিত হতে পারে। যৌথ নামে প্রকাশিত মানসম্পন্ন একটি পাঠ্যপুস্তক বা গবেষণা-পুস্তক একটি জার্নাল প্রবেন্ধের সমতুল্য বিবেচিত হতে পারে।

৫. দূরশিক্ষণ শিক্ষার্থীদের উপযোগী পাঠ্যপুস্তক প্রণয়নে দক্ষ প্রার্থীদের ক্ষেত্রে অভিজ্ঞতা ও প্রকাশনার শর্ত শিথিল করা যেতে পারে।

৬. বিশ্ববিদ্যালয় বলতে জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজ/ইনস্টিটিটিউটসমূহ বুঝাবে না।

আবেদনের শর্তসমূহ

১। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.bou.edu.bd থেকে আবেদনের যোগ্যতা ও নিয়মাবলিসহ আবেদনপত্রের ফরম ডাউনলোড করে আবেদনপত্রের সঙ্গে সার্টিফিকেট, মার্কসীট/গ্রেডশীট, প্রশিক্ষণ ও অভিজ্ঞতার সনদ এবং চরিত্রগত সার্টিফিকেট ও জাতীয় পরিচয়পত্রের অনুলিপি ও পাসপোর্ট সাইজের ২ কপি ছবিসহ ১০০০.০০ (এক হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার **রেজিস্ট্রার, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫ বরাবর প্রেরণ করতে হবে।**

২। মুক্তিযোদ্ধা ও ক্ষুদ্র-নৃগোষ্ঠীর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে প্রাপ্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৩। আবেদনকারীকে জনতা ব্যাংকের যে কোনো শাখা থেকে **"বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়" এর অনুকূলে, জনতা ব্যাংক, বাউবি ক্যাম্পাস শাখা, গাজীপুর** বরাবর ইস্যুকৃত ১০০০/- (এক হাজার) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনপত্রের সাথে সংযুক্ত করে প্রেরণ করতে **হবে।** পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য হবে না।

৪। আবেদনকারীকে নির্ধারিত আবেদন ফরমে স্বহস্তে কিংবা কম্পিউটার কম্পোজের মাধ্যমে পূরণকৃত নিজের নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর, ই-মেইল এড্রেস (যদি থাকে), জন্ম তারিখ, নির্ধারিত তারিখে বয়স, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ, পাসের সন, বোর্ড/বিশ্ববিদ্যালয়), চাকুরির অভিজ্ঞতা (যথা: পদের নাম, পদের বেতন, চাকুরিকাল, দায়িত্ব ও কর্তব্য, নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ঠিকানা) ইত্যাদি প্রয়োজনীয় তথ্য উল্লেখ করতে হবে।

৫। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের ফরোয়ার্ডিং লেটার/অগ্রায়নসহ নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র সংযোজনপূর্বক মোট ২ (দুই) সেট আবেদনপত্র রেজিস্ট্রার, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫ বরাবর নির্ধারিত তারিখের মধ্যে সরাসরি অথবা ডাকযোগে বা কুরিয়ার সার্ভিস-এর মাধ্যমে প্রেরণ করতে হবে। সরাসরি জমা দেয়া আবেদনপত্রের জন্য রেজিস্ট্রার অফিস থেকে ''প্রাপ্তি স্বীকারপত্র" দেয়া হবে। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোনো কিছুই ফেরত দেয়া হবে না।

৬। প্রার্থীকে তাঁর প্রার্থিত পদের নাম খামের উপর স্পষ্টাক্ষরে লিখতে হবে। মুক্তিযোদ্ধা বা মুক্তিযোদ্ধাদের পোষ্যদের প্রার্থীতার ক্ষেত্রে খামের উপরে "মুক্তিযোদ্ধা" শব্দটিও লিখতে হবে।

৭। নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি অনুযায়ী মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধাদের পোষ্য ও প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত কোটা অনুসরণ করা হবে।

৮। ভুয়া তথ্য সম্বলিত/অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র অথবা নির্ধারিত অংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্তি ব্যতীত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৯. এই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীর পরীক্ষা গ্রহণ করতে বা তাকে প্রার্থিত পদে নিয়োগ দিতে বাধ্য থাকবে না।

১০. লিখিত/মৌখিক ও অন্যান্য পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

১১. এই নিয়োগের ক্ষেত্রে চারটি ধাপে প্রার্থীদের মূল্যায়ন করা হবে: (ক) ভাষাগত ও যোগাযোগ দক্ষতাসহ প্রার্থীর সার্বিক ভাব প্রকাশের স্বরূপ নিরূপণের লক্ষে লিখিত পরীক্ষা; (খ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের কম্পিউটার লিটারেসি টেস্ট; (গ) কম্পিউটার লিটারেসি টেস্টে উত্তীর্ণদের ভিডিও স্ক্রীনিং টেস্ট (বাউবির স্টুডিওতে নির্ধারিত বিষয়ের উপর দেয়া লেকচার-এর ভিডিও রেকর্ডিং এর মূল্যায়ন) ও (ঘ) সর্বশেষ, শর্টলিস্টেড প্রার্থীদের মৌখিক পরীক্ষা।

রেজিস্ট্রার
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৫